

# অ্যাসোসিয়েশন সংবাদ-২৮৩

ফেব্রুয়ারী ২০২৫

PUBLISHED ON: FEBRUARY 2025

An Online News Bulletin for Preservation and Promotion of Bengali Language and Culture. An initiative of the Bengal Association, Delhi

ASSOCIATION SAMBAD FEBRUARY 2025

Bengal Association, Banga Sanskriti Bhawan,
18-19, Bhai Veer Singh Marg,
Gole Market, New Delhi - 110001 Tel. 23344808
E.mail : bengalassociation1819@gmail.com


www.bengalassociation.com

## সম্পাদকের কলমে

> "শূন্য করে ভরে দেওয়া যাহার খেলা
> তারি লাগি রইনু বসে সকল বেলা।"

সোহাগী শীতের পরশে, নকশি কাঁথা জড়ানো অঙ্গে, শৈশবের আকাশে আজও নেমে আসে রঙ বেরঙের একঝাঁক ঘুড়ি। হাতের লাটাই থেকে মাঞ্জার সুতো ক্রমশ আলগা হয়ে, পেটকাটি চাঁদিয়ালের দূরত্ব অনুভব করি তীব্র ভাবে। মনে পড়ে যায়, পথের ধারে সেই লিকলিকে খেজুরগাছের মাথায়, কোমরে মোটা দড়ি ও দুপায়ে রাবারের বেড়ি লাগিয়ে, তরতর করে উঠে যাওয়া রহিম চাচার সেই চিরপরিচিত মুখ। শীতের দুপুরে কড়া মিঠে রোদ্দুরে, শীতল পাটিতে বসে, অমৃত সমান "উলাকাটা" রস থেকে তৈরী সুস্বাদু ঝোলা খেজুর গুড় আর শ্বেত শুভ্র চালের পিঠেপুলির যুগলবন্দিতে স্বর্গীয় স্বাদ আর ভালোবাসার সুঘ্রাণে, আমার দু'চোখ চিকচিক করে গুঁড়ো জ্যোৎস্নার মতো। মন জানালা ছুঁয়ে. কিছুটা আঁচ মিশিয়ে, ধূমায়িত কফির পেয়ালার চুম্বনে, বুঁদ হয়ে নামে আলস্যের গান। কেমন একটা মায়াবী স্পর্শ গ্রাস করে শরীর ও মননে। হৃদয়ে অনুভূত হয়, এ জীবনে যতটুকু চেয়েছি, মন বলে তার বেশি পেয়েছি, পেয়েছি।

সাহিত্যের কারুঘরে উঁকি দিলে টের পাই, মধ্যযুগের বৈষ্ণব পদাবলীতে, শীত যেমন রাধার অভিসার অনুষঙ্গে ধরা দিয়েছে, ঠিক তেমনই মঙ্গলকাব্যে ধরা দিয়েছে ফুল্লরার বারো মাসের দুঃখ কাহিনীর বর্ণনায়। তবে মধ্যযুগের বাংলা সাহিত্যের একটি উজ্জ্বল নিদর্শন হিসাবে, আরাকান রাজসভার কবি সৈয়দ আলাওলের 'পদ্মাবতী' অনুবাদ কাব্যগ্রন্থে, শীত ঋতু তার রোমান্টিক আবহ নিয়ে উপস্থিত হয়েছে। আবার আমাদের রবিঠাকুরের কবিতায়, চিরায়িত প্রেমের অবারিত উৎস থেকে শুরু করে, শীতের যেমন ভয়ঙ্কর রূপের ছবি পাওয়া যায়, ঠিক তেমনই শীতের ঝরা রিক্ততার মধ্যেও নজরুলের লেখায় খুঁজে পাওয়া যায়, সুখ মিশ্রিত আনন্দ, নব আবাহন গীত।


BENGAL ASSOCIATION
NEW DELHI
BOOK FAIR &
BHARAT LOKOTSAV
20TH -23RD MARCH, 2025
দ্বাবিংশতিতম
দিল্লি
বইমেলা
এবং
সাহিত্য উৎসব
BHARAT
Lokotsav
5 ASHOKA ROAD,
OPPOSITE - ANDHRA & TELENGANA BHAVAN
NEAR INDIA GATE, NEW DELHI 110001

## বেঙ্গল অ্যাসোসিয়েশনের নিজস্ব সংবাদ

কয়েকদশক ধরে, বহির্বঙ্গে, বর্তমান প্রজন্মের কাছে, মাতৃভাষার প্রতি আবেগ-ভালোবাসা গড়ে তুলে, বাংলা বইপড়া এবং কেনার অভ্যাসকে উজ্জীবিত রেখে আমরা আজও সুনামের সাথে "বহির্বঙ্গের বৃহত্তম বইমেলা" আয়োজকের মর্য্যাদা রাখতে সচেষ্ট হয়েছি। আপনাদের অবগতির জন্য জানাই, দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশনের একক উদ্যোগে, দিল্লির ইন্ডিয়া গেটের সন্নিকটে, অন্ধ্র ও তেলেঙ্গানা ভবনের ঠিক বিপরীতে, ৫ নম্বর অশোকা রোডের সুবৃহৎ পরিসরে, আগামী ২০-২৩শে মার্চ, ২০২৫ চারদিন ব্যাপী দ্বাবিংশতিতম দিল্লি বইমেলা, সাহিত্য উৎসব এবং লোকসংস্কৃতি উৎসব অনুষ্ঠিত হতে চলেছে। আগ্রহী পাঠক ও ক্রেতাদের জন্য, কলকাতা থেকে আগত বিভিন্ন প্রকাশক সংস্থার বইয়ের সম্ভার যেমন থাকছে, ঠিক তেমনই গন্যমান্য সাহিত্যিকগণের উজ্জ্বল উপস্থিতি ও সাহিত্য সম্পর্কিত নানা মনোজ্ঞ অনুষ্ঠানের পরিকল্পনাও নেওয়া হয়েছে। আরও বিস্তারিত তথ্যের জন্য আমাদের ওয়েবসাইট ও ফেসবুক পেজে নজর রাখার অনুরোধ জানাই।

গত ২৮ জানুয়ারী সকাল ১০টায় ইউনিয়ন একাডেমী স্কুলে বেঙ্গল অ্যাসোসিয়েশন আয়োজিত, আন্তঃবিদ্যালয় অঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছিল। আমাদের সংস্থার সহযোগী বিদ্যালয়ের ছাত্র ছাত্রীদের উপস্থিতিতে, অনুষ্ঠানটি সুচারুভাবে সম্পন্ন হয়েছে। বিচারকের আসনে ছিলেন অর্পিতা নিয়োগী এবং মনোজ দেব। বেঙ্গল অ্যাসেসিয়েশন দিল্লির, সাধারণ সম্পাদক প্রদীপ গাঙ্গুলীর উজ্জ্বল উপস্থিতি সহ, ইউনিয়ন একাডেমি বিদ্যালয়ের প্রধান অধ্যক্ষ অলকা বনশল এবং অন্যান্য শিক্ষক শিক্ষার্থীগণও উপস্থিত ছিলেন।

এছাড়া, মুক্তধারা প্রেক্ষাগৃহে, আয়োজিত হয়েছিল আন্তঃবিদ্যালয় বার্ষিক "বিতর্ক প্রতিযোগিতা" যেখানে বিভিন্ন বিদ্যালয়ের অংশগ্রহণকারী প্রত্যেকটি ছাত্র ছাত্রী, খুব স্পষ্ট এবং সাবলীলভাবে তাদের বক্তব্য উপস্থাপন করেছিল। বিচারকের আসনে ছিলেন সুমন্ত ভৌমিক এবং সঞ্জয় মিত্র। সেদিনও বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষক শিক্ষার্থীগণের উপস্থিতি সহ হাজির ছিলেন, আমাদের সাধারণ সম্পাদক প্রদীপ গাঙ্গুলী, বরিষ্ঠ সদস্য দেবাশীষ ভৌমিক এবং অন্যান্য সদস্যগণ।

আগামী ৭ই ফেব্রুয়ারী, বেঙ্গল অ্যাসোসিয়েশনের উদ্যোগে, মুক্তধারা প্রেক্ষাগৃহে অষ্টম নাট্যমেলার আয়োজন করা হয়েছে। দিল্লি শহরের দুই সুপরিচিত নাট্য গোষ্ঠী

অঙ্কুর ankur



মদনপুর খাদার অঞ্চলে প্রান্তিক শিশুদের জন্য
বেঙ্গল অ্যাসোসিয়েশনের স্কুল 'অঙ্কুর'।
স্কুলটির জন্য সাহায্য করতে এগিয়ে আসুন।
নিচে QR Code স্ক্যান করে মুক্তহস্তে দান করুন।

A GENEROUS STEP TOWARDS THE GROWTH OF EDUCATION, PLEASE JOIN HANDS WITH US AND DONATE FOR **'ANKUR'** OUR PRIMARY SCHOOL AT MADANPUR KHADAR FOR THE UNDERPRIVILEGED. OUR SUPPORT TODAY, CAN GIVE THEM WINGS TO REACH THE SKY TOMMORROW !

Paytm Accepted Here

Paytm से UPI

PLEASE SCAN THE QR CODE IF YOU WISH TO CONTRIBUTE FOR THIS NOBLE CAUSE. IN ORDER TO OBTAIN A RECEIPT PLEASE SHOW THE SCREEN SHOT OF THE TRANSACTION AT BENBAL ASSOCIATION MUKTADHARA OFFICE.

FOR FURTHER INFORMATION
CONTACT: 73034 54989

REGISTRATION No. 1295
of 1958-1959 UNDER SECTION 80G.
PAN: AAAAB0105G

এই নাট্যমেলায় অংশ নিয়ে, সন্ধ্যা সাড়ে ছ'টায় থেকে দুটি নাটক পরিবেশন করবেন। চেনামুখ তার নবতম প্রযোজনা হিসাবে মঞ্চস্থ করবেন নাটক "আলোয় ফেরা"। এরপর দ্বিতীয় নাটক "ভাঙ্গনের চালচিত্র" মঞ্চস্থ করবেন করোলবাগ বঙ্গীয় সংসদ। কোনো প্রবেশ পত্র সংগ্রহ করা ছাড়াই, সকল নাট্যমোদী ব্যক্তিদের সাদর আমন্ত্রণ জানাই।


## শোক সংবাদ

বেঙ্গল অ্যাসোসিয়েশনের সভাপতি, মাননীয় তপন রায়ের সহোদর জয়ন্ত রায় পরলোকগমন করেছেন। আমাদের কার্যকরী সমিতি এবং সকল সদস্যদের তরফ থেকে, বিদেহী আত্মার শান্তি কামনা এবং পরিবারের প্রতি সমবেদনা প্রকাশ করছি।

দিল্লির বাঙালি মহলের সুপরিচিত মুখ জয়দীপ সিনহার প্রয়ান ঘটেছে। উনি বেঙ্গল ওয়েলফেয়ার অ্যান্ড কালচারাল অ্যাসোসিয়েশন (BWCA) এর একজন গুরুত্বপূর্ণ সদস্য ছিলেন। তহবিল সংগ্রহের মাধ্যমে কালীমন্দির নির্মাণে ওনার উল্লেখযোগ্য অবদান সহ উনি মন্দিরের কার্যক্রম সক্রিয়ভাবে পরিচালনা করতেন। বেঙ্গল অ্যাসোসিয়েশনের তরফ থেকে, ওনার বিদেহী আত্মার শান্তি কামনা করছি।

## আনন্দ সংবাদ

এই বছর আমাদের দেশের প্রজাতন্ত্র দিবসে, চতুর্থ সর্বোচ্চ অসামরিক সম্মাননা হিসাবে, শিল্পকলা, শিক্ষা, বাণিজ্য, সাহিত্য, বিজ্ঞান, খেলাধূলা, সমাজসেবা ও সরকারি ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য, পশ্চিমবঙ্গ থেকে নয়জন বিশিষ্ট ব্যক্তিত্ব পদ্মশ্রী সম্মানে ভূষিত হয়েছেন। এনারা হলেন, বিশিষ্ট সঙ্গীতশিল্পী অরিজিৎ সিং, সরোদ বাদক তেজেন্দ্রনারায়ণ মজুমদার, প্রখ্যাত নৃত্যশিল্পী ও অভিনেত্রী মমতা শঙ্কর, আধ্যাত্মিক গুরু স্বামী প্রদীপ্তানন্দ ওরফে কার্তিক মহারাজ, সাহিত্য ও শিক্ষাক্ষেত্রে অবদানের স্বীকৃতি স্বরূপ নগেন্দ্রনাথ রায়, বাণিজ্য ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য পবন গোয়েঙ্কা ও সজ্জন ভজঙ্ক, সামাজিক কাজে বিশেষ অবদানের জন্য বিনায়ক লোহানি এবং গোকুলচন্দ্র দাস যিনি ঢাক বাদ্যযন্ত্রে মহিলাদের অংশগ্রহণে বিশেষভাবে উৎসাহিত করেছেন। এনাদের সকলকে দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশনের তরফ থেকে অসংখ্য শুভেচ্ছা ও আন্তরিক অভিনন্দন জানানো হলো।


PADMASRI AWARDEES
BENGAL 2025
পদ্ম
শ্রী
BENGAL ASSOCIATION
বেঙ্গল অ্যাসোসিয়েশন
NEW DELHI
বাংলার ও বাঙালির গর্বে আমরা গর্বিত
অভিনন্দন জানাই

# বিশেষ সংবাদ

গত জানুয়ারী মাসের প্রথম সপ্তাহে, রাজধানী দিল্লির অন্যতম স্বেচ্ছাসেবী সংস্থা, পূর্ব দিগন্ত ফাউন্ডেশন, ওনাদের ষষ্ঠ প্রতিষ্ঠা দিবসের অঙ্গ হিসাবে, লাগাতার পাঁচদিন যাবৎ রাজধানী দিল্লির সংলগ্ন এলাকায়, অভাবী বাচ্চাদের মধ্যে কম্বল, শীতের জ্যাকেট, খাবার ইত্যাদি আনুষাঙ্গিক প্রয়োজনীয় জিনিস বিতরণ করেছেন। জন্মলগ্ন থেকেই এই সংস্থার একমাত্র লক্ষ্য, প্রত্যেকবছর গুরুত্বপূর্ণ ইভেন্ট আয়োজনের মাধ্যমে তহবিল সংগ্রহ করে, সমাজের আর্থিকভাবে দুর্বল শ্রেণীদের পাশে শুধু থাকা, তাঁদের সাথে মিলেমিশে, হাসিখুশি, আবেগ, সহানুভূতি, হাস্যরস, এবং শৈলীর সংমিশ্রণে, তাঁদের নতুন জীবন উপহার দেওয়া।

গত ১২ই জানুয়ারী, কলমের সাত রঙ পত্রিকার সাহিত্য সভা অনুষ্ঠিত হয়েছে দক্ষিণ দিল্লি কালীবাড়ির প্রণব মুখোপাধ্যায় সভাগারে। দিল্লির প্রবল শীত লহর উপেক্ষা করে, নানা প্রান্ত থেকে বহু মানুষের আনন্দ অংশগ্রহণে, স্বামী বিবেকানন্দকে নিয়ে একটা মনোজ্ঞ আলোচনা হয়েছিল। এরপর স্বরচিত গল্প, কবিতা পাঠ, গান, আড্ডা ও খাওয়াদাওয়ার পর আসরের পরিসমাপ্তি ঘটে।

গত ২৫শে জানুয়ারী, দিল্লির বিশিষ্ট স্বেচ্ছাসেবী সংস্থা, পূর্বাঞ্চল বঙ্গীয় সমিতির (PBS) আন্তরিক উদ্যোগে, উত্তরপূর্ব দিল্লির লক্ষ্মী নগরের কাছে, প্রায় তিন শতাধিক শিশুকে উলের ক্যাপ, মোজা এবং প্রায় দু শতাধিক মহিলাকে শাল বিতরণ করা হয়েছে। এছাড়া সকলকে বিস্কুট ও পানীয় সরবরাহ করা হয়। আপনারা অবগত আছেন বিগত বছরে এই সংস্থাটি, সামাজিক-সাংস্কৃতিক কার্যক্রমের প্রচার এবং সুবিধাবঞ্চিত সম্প্রদায়ের উন্নতির জন্য অক্লান্ত পরিশ্রম করে চলেছেন। যাঁরা এই সংস্থার মহৎ উদ্দেশ্যকে সমর্থন করেছেন, তাঁদের সকলকে এই সংস্থার সাধারণ সম্পাদক মৃণাল বিশ্বাস আন্তরিক ধন্যবাদ জানিয়েছেন।

গত ২৬শে জানুয়ারী প্রজাতন্ত্র দিবসের সন্ধ্যায় মাতৃমন্দির লাইব্রেরী হলে বসেছিল 'বঙ্গ সংস্কৃতির আসর'। আসরের প্রথা মেনে 'বাংলার মাটি বাংলার জল' গানটি সমবেত কণ্ঠে গেয়ে আসর শুরু হয়। দিনটির সঙ্গে সাজুয্য রেখে সন্ধ্যেটা ভরে উঠেছিল দেশমাতৃকার বন্দনায়। স্বামী বিবেকানন্দ, নেতাজী সুভাষ চন্দ্র বসুকে স্মরণ করে দেশাত্মবোধক গান, কবিতা ও আলোচনায় মুখর হয়ে উঠেছিল সেদিনের সন্ধ্যে। দেশের সুসন্তান 'সত্যেন্দ্রনাথ বসু- আইনস্টাইন সম্পর্ক ও দেশের প্রতি তাঁর ভালবাসা' এই প্রসঙ্গে কথন, আসরকে অন্য মাত্রা দান করে। দেশাত্মবোধক


আন্তর্জাতিক
মাতৃভাষা দিবস
BENGAL ASSOCIATION
বেঙ্গল অ্যাসোসিয়েশন
NEW DELHI

গানগুলিতে সকলে স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ করেন। সমস্বরে উচ্চারিত হওয়া মধুকবির কবিতা ছাত্রজীবনের পাঠ্যপুস্তকের কথা মনে করিয়ে দিয়েছিলো। ছোট্ট সোম্যজিৎ তার গানে বিবেকানন্দকে বন্দনা করে সকলের মন কেড়ে নেয়। সকলের আনন্দ অংশগ্রহণে, আসরটিকে যথারীতি প্রাণবন্ত করে তোলে। জানুয়ারী মাসে যাঁদর জন্মমাস, আসরের পক্ষ থেকে উপস্থিত প্রত্যেককে একটি লাল গোলাপ দিয়ে তাঁদের দীর্ঘ সুস্থ জীবন কামনা করা হয়। সমবেত কণ্ঠে "মোদের গরব মোদের আশা" গানটি গেয়ে আসরের সমাপ্তি ঘোষণা করা হয়।

## রাজধানী এবং সন্নিহিত অঞ্চলের সাংস্কৃতিক সংবাদ

গত ১৯শে জানুয়ারী, সন্ধ্যায় দিল্লির চিত্তরঞ্জন পার্কে, দিল্লির দেবগান্ধার মিউজিক স্কুলের কুড়ি বছর বর্ষ পূর্তি উৎসবের আয়োজন করা হয়েছিল। সেদিন অন্যান্য অনুষ্ঠানের সাথে একটি বিশেষ সংগীতানুষ্ঠানের অঙ্গ হিসাবে, "বিবেকগীতি" শীর্ষক একটি গীতি আলেখ্য পরিবেশিত হয়। নতুন প্রজন্মের কিছু শিল্পী স্বামীজীকে স্মরণ ও শ্রদ্ধাঞ্জলী প্রদান করে, বিবেকানন্দের গান পরিবেশন করেন।

গত ১৯শে জানুয়ারী, বঙ্গীয় সমিতি লক্ষ্মীনগর, স্থানীয় জগৎরাম পার্কে, এইবছর পৌষমেলার আয়োজন করেছিল। রাজধানী শহরের বহু শিল্পী, ওনাদের আমন্ত্রণে অংশ নিয়ে, গান কবিতা পাঠ সহ বাংলার লোকগান, বাউল গান এবং অন্যান্য আঙ্গিকের অনুষ্ঠান পরিবেশন করেন। পৌষমেলার অঙ্গ হিসাবে বিভিন্ন মুখরোচক খাদ্যদ্রব্য তথা সুস্বাদু মিষ্টান্ন ও পিঠেপুলির বিভিন্ন স্টলে উপস্থিত দর্শক শ্রোতারা তাঁদের রসনা তৃপ্তি করার সুযোগ পান।

গত ২রা ফেব্রুয়ারী, মান্ডি হাউস সংলগ্ন এলটিজি অডিটোরিয়ামে হিন্দি, বাংলা এবং মালায়ালাম সহ একাধিক ভারতীয় ভাষায় একটি ক্ষুদ্র নাটক উৎসবের আয়োজন করেছিলেন। এই উৎসবে প্রায় ছয়শো শিল্পী তাঁদের নাট্যপ্রতিভা প্রদর্শন করেন। পরীক্ষামূলক গল্প বলার একটি প্ল্যাটফর্ম হিসাবে এবং ক্ষুদ্র নাটকের পথ প্রদর্শক হিসাবে বৃক্ষ (Vriksha) থিয়েটার, ওনাদের চতুর্থ সংস্করণে, প্রয়াত সাহিত্য একাডেমি বিজয়ী ওমচেরি এন.এন.পিল্লাইকে স্মরণ করে এই আয়োজন করেন। দিল্লির চিত্তরঞ্জন পার্ক বঙ্গীয় সমাজ এই প্রথম এই নাট্যোৎসবে অংশগ্রহণ করে, রবীন্দ্রনাথ ঠাকুরের সুখবিচার নাটকটি মঞ্চস্থ করেন। নাটকটির নির্দেশনায় ছিলেন দিল্লির জনপ্রিয় নাট্যব্যক্তিত্ব বাদল রায়।

*With best Compliments*
*from*

हमारी सांस्कृतिक धरोहर को परिचित कराने, सहेजने, मजबूत करने और विविधताओं को बढ़ावा देने में कार्यरत कलाकारों और संस्थानों के साथ मिलकर समाज सेवा के लिए तत्पर..

PEACEFUL | SUCCESSFUL | EVENTFUL
PeSuEv
पेसुएव

**Ready to Serve the Society in Collaboration with Artists and Groups Working towards Introducing, Preserving, Strengthening and Promoting Diversity of Our Cultural Heritage.**

# রাজধানী এবং সন্নিহিত অঞ্চলের আগামী সাংস্কৃতিক সংবাদ

আগামী ৯ই ফেব্রুয়ারী, রবিবার বিকেলে, রাজধানী দিল্লি শহরের জনপ্রিয় স্বেচ্ছাসেবী সংস্থা, পূর্ব দিগন্ত ফাউন্ডেশন (PDF) তাঁদের ষষ্ঠ বার্ষিকী প্রতিষ্ঠাতা দিবস উদযাপন করতে চলেছেন, দিল্লির গ্রেটার কৈলাশ সংলগ্ন আর্য্যসমাজ অডিটোরিয়ামে। সেদিনের সোনাঝরা সন্ধ্যায়, গানে গানে আনন্দদানে উপস্থিত থাকবেন, কলকাতার প্রখ্যাত সঙ্গীত শিল্পীদ্বয়, সৌরেন্দ্র ও সৌম্যজিৎ সহ আরও অনেকে। এই উৎসবকে কেন্দ্র করে সংস্থার কর্মকর্তাবৃন্দ, সারাবছর ধরে উদয়াস্ত পরিশ্রম করে, বিভিন্ন সংস্থার কাছে তহবিল সংগ্রহের মাধ্যমে, এই উৎসবকে রূপদান করতে চলেছেন কারণ এই উৎসবকে কেন্দ্র করে, সংগৃহিত অর্থ তুলে দেওয়া হবে সমাজের অবহেলিত দিশেহারা মানুষের কল্যাণে।

আগামী ৯ই ফেব্রুয়ারী, বিপিনচন্দ্র পাল প্রেক্ষাগৃহে, সন্ধ্যা সাড়ে ছ'টায়, রাজধানী শহরের অন্যতম নাট্যদল, আকৃতি ড্রামা সোসাইটির ২২তম বছর পূর্তি উৎসব উপলক্ষ্যে, দুটি একাঙ্ক নাটক "খেলনা বাড়ি" এবং "কালশুদ্ধি" পুনঃমঞ্চস্থ করা হবে। যে সকল নাট্যমোদী মানুষ নাটক দুটি দেখতে চান, তাঁদের মাত্র ১৫০টাকার বিনিময়ে আমন্ত্রণ পত্র সংগ্রহ করতে হবে। প্রয়োজনে আপনারা উদ্যোক্তাদের সাথে যোগাযোগ করতে পারেন।











# একটি বিশেষ আবেদন

বেঙ্গল অ্যাসোসিয়েশন, দিল্লি এবং সংলগ্ন বাঙালিদের কাছে বিভিন্ন অনুষ্ঠানের খবরাখবর 'অ্যাসোসিয়েশন সংবাদ' নামক একটা মানসিক ক্ষুদ্র পত্রিকার মাধ্যমে আপনাদের কাছে তুলে ধরার চেষ্টা করে। যদি আপনারা নিজ এলাকার সাংস্কৃতিক সংবাদ, প্রত্যেক মাসের ২৫ তারিখের মধ্যে, আমাদের কাছে সযত্নে পাঠিয়ে সহযোগিতার হাত বাড়িয়ে দেন, তাহলে আমরা যথাসম্ভব সেগুলো প্রকাশ করে সবার কাছে পৌঁছে দিতে সচেষ্ট হবো। আপনারা এই সমস্ত সংবাদ, বাংলা, হিন্দি এবং ইংরেজি এই তিনটির যেকোনো ভাষায় আমাদের কাছে ই-মেল করে (associationsangbad@ gmail.com) অথবা আমাকে ব্যক্তিগত হোয়াটস্যাপ (রাজা চট্টোপাধ্যায় - 9810484734) মাধ্যমেও পাঠাতে পারেন।

আপনি কি বেঙ্গল অ্যাসোসিয়েশনের
সদস্য হতে চান?

অথবা সদস্যতা নেবার পর
ঠিকানা বা ফোন নং পরিবর্তিত হয়েছে?

যোগাযোগ করুন
বেঙ্গল অ্যাসোসিয়েশনের অফিসে

ফোন নংঃ
**+91 7303400554**
ইমেলঃ
**bengalassociation1819@gmail.com**

**www.bengalassociation.com**








**Editor and Publisher Shri Prodip Ganguly**
**Published on behalf of Bengal Association, New Delhi.**
**Designed & Composed by Roma Chakraborty, C.R. Park, 9213134487**